Board of Intermediate and Secondary Education
Barisal.
www.barisalboard.gov.bd

HSC SCHOLARSHIP - 2013

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল

‘‘বিজ্ঞপ্তি’’

নম্বরঃ উমা/বৃত্তি/২৪ তারিখ ঃ ১২/০২/২০১৪খ্রিঃ

বিষয় ঃ ২০১৩ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ‘‘মেধাবৃত্তি’’ (ট্যালেন্টপুল) ও ‘‘সাধারণ বৃত্তি’’ প্রদানের তালিকা প্রকাশ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মহাপরিচালক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর,বাংলাদেশ, ঢাকা এর ৮/১২/২০১৩ তারিখের স্মারক নং ওএম/০৬-মেধাবৃত্তি/২০১২/৩৭২২/১০ নম্বর স্মারক অনুযায়ী বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের ২০১৩ সালের (২০১১-২০১২ সেশন) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার প্রকাশিত ফলাফলের ভিত্তিতে প্রয়োজনীয় শর্ত সাপেক্ষে নিম্ন বর্ণিত ছাত্র/ছাত্রীদের ‘‘মেধাবৃত্তি’’ (ট্যালেন্টপুল) ও ‘‘সাধারণ বৃত্তি’’ প্রদান করা হইল । সরকারী নিয়ম ও নীতিমালা অনুযায়ী এই বৃত্তির তালিকা প্রণয়ন করা হইয়াছে। উক্ত বৃত্তিগুলি প্রদানের সময় নিম্নলিখিত নিয়ম ও নীতিমালা অবশ্যই মানিয়া চলিতে হইবে ।

১। বৃত্তির গেজেটে বৃত্তি প্রাপ্ত ছাত্রছাত্রী যেই শিক্ষা প্রতিষ্ঠান হইতে পরীক্ষায় অংশগ্রহণ করিয়াছে/উত্তীর্ন হইয়াছে, সেই প্রতিষ্ঠানের নাম গেজেটে উল্লেখ করা হইয়াছে। সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষগন সার্টিফিকেট প্রদান সাপেক্ষে ভর্তিকৃত প্রতিষ্ঠান থেকে বিধি মোতাবেক বৃত্তির অর্থ উত্তোলন করিবেন।

২। বৃত্তিপ্রাপ্ত ছাত্র/ছাত্রীদের অবশ্যই বাংলাদেশের নাগরিক হইতে হইবে ।

৩। বৃত্তিগুলি সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রীদের সৎ স্বভাব এবং লেখাপড়ায় সন্তোষজনক অগ্রগতির শর্ত সাপেক্ষেই বিবেচিত হইবে।

৪। সকল বৃত্তিপ্রাপ্ত ছাত্র/ছাত্রী অবশ্যই বিনা বেতনে পড়িবার সুযোগ লাভ করিবে ।

৫। সকল বৃত্তিপ্রাপ্ত ছাত্র/ছাত্রীই এককালীন অনুদান (লাম্পগ্রান্ড) ভোগ করিতে পারিবে ।

৬। এই বৃত্তিগুলির মেয়াদ ২০১৩ সালের জুলাই মাস হইতে স্ব স্ব কোর্স সমাপনী সময় পর্যন্ত, (৩-৫) বৎসর।

৭। বোর্ডের বৃত্তিপ্রাপ্ত কোন ছাত্র/ছাত্রী যদি পরবর্তীকালে কোন কারিগরি বা পেশাগত প্রতিষ্ঠানে ভর্তি হইয়া আর একটি বৃত্তি লাভ করে তবে তাহাকে ২ (দুই) টি বৃত্তির মধ্যে যে কোন ১ (এক) টি বাদ দিতে হইবে। কোন অবস্থাতেই একই সময়ে তাহাকে দুইটি বৃত্তি ভোগ করিতে দেওয়া হইবে না।

৮। বৃত্তি প্রাপ্ত ছাত্র/ছাত্রীকে অবশ্যই কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হইতে হইবে। অন্যথায় বৃত্তি ভোগ করিতে পারিবে না।

৯। বৃত্তি সংক্রান্ত যে কোন শর্তাবলী সরকারের অনুমোদনক্রমে মহাপরিচালক কর্তৃক আরোপিত হইতে পারে। এই সরকারী আদেশে অন্তর্ভুক্ত বৃত্তিগুলির সংখ্যা, হার এবং সময়কাল বা সময়সীমা শর্ত সাপেক্ষে এবং সরকার প্রয়োজন মনে করিলে কোন কারণ না দর্শাইয়া এইগুলি সংশোধন/বাতিল করিতে পারিবেন।

১০। মেধা ও সাধারণ বৃত্তির ব্যয় বাজেটের **‘৩-২৫৩১-০০০০-৫৯৬৩’** বৃত্তি/স্কলারশীপ খাত হইতে নির্বাহ করা হইবে।

১১। কোন বৃত্তিপ্রাপ্ত ছাত্র/ছাত্রী ছাড়পত্র লইয়া অন্য শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হইলে শেষোক্ত প্রতিষ্ঠানের প্রধান উক্ত ছাড়পত্রের অনুলিপি এবং বৃত্তির টাকা উঠানো ও প্রদান সম্পর্কিত পূর্ণ বিবরণসহ, কোন তারিখ হইতে কোন তারিখ পর্যন্ত বৃত্তির টাকা উঠাইয়া বিতরণ করা হইয়াছে বা আদৌ উঠানো হয় নাই তাহার তথ্য বর্তমান ভর্তিকৃত প্রতিষ্ঠানে দাখিল করিলে বৃত্তিটি স্থানান্তরের ব্যাপারে সংশ্লিষ্ট অধ্যক্ষ কার্যকর ব্যবস্থা গ্রহণ করি-বন।

১২। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগন নিয়মিতভাবে বিল করিয়া বৃত্তির টাকা সরকারী কোষাগার হইতে তুলিয়া বৃত্তিপ্রাপ্ত ছাত্রছাত্রীদিগকে প্রদান করিবেন। এই জন্য পৃথকভাবে কোন বৃত্তির আদেশনামা দেওয়া হইবে না। বৃত্তির টাকা সময় মত না তোলার জ ন্য কোন বৃত্তির মেয়াদ শেষ হইয়া গেলে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণই সে জন্য দায়ী থাকিবেন।

১৩। বৃত্তির তালিকায় সন্নিবেশিত ছাত্র/ছাত্রীদের নামের পার্শ্বে উত্তীর্ন প্রতিষ্ঠানের নাম উল্লেখ করা হইল।

১৪। পরিশিষ্ট ‘ক’ -তে ‘‘মেধাবৃত্তি’’ (ট্যালেন্টপুল) ও ‘‘সাধারণ বৃত্তি’’ -প্রাপ্ত ছাত্র/ছাত্রীদের সর্বনিম্ন জিপিএ (গ্রুপ অনুযায়ী) ৪র্থ বিষ-য়র জিপিএ বা-দ সন্নি-বশিত হইল। যদি কোন শিক্ষা প্রতিষ্ঠানে ঐ জিপিএ অপেক্ষা বেশী জিপিএ প্রাপ্ত নিয়মিত ছাত্র/ছাত্রী (যাহার নাম বৃত্তির তালিকায় স্থান পায় নাই) অধ্যায়নরত থাকে, তবে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ ঐরূপ ছাত্র/ছাত্রীর বৃত্তি সম্পর্কিত সকল প্রামাণ্য কাগজপত্র অনতিবিলম্বে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য বোর্ডে দাখিল করিবেন, ইহা বিশেষ জরুরী। বৃত্তির মেয়াদের (সময় সীমার) একটি আর্থিক বৎসর অতিক্রান্ত হইলে (৩০শে জুন, ২০১৪) ঐরূপ ছাত্র/ছাত্রীদের কোন প্রকার দাবী গ্রহণ-যাগ্য হই-ব না।

১৫। পরিশিষ্ট ‘খ’ -তে ‘‘মেধাবৃত্তি’’ (ট্যালেন্টপুল) ও ‘‘সাধারণ বৃত্তি’’ -এর মাসিক হার, এককালীন অনুদান এবং সময়সীমা উ-ল্লখ করা হইয়া-ছ এবং পরিশিষ্ট ‘গ’ -তে বৃত্তিপ্রাপ্ত ছাত্র ও ছাত্রীদের নাম তালিকায় সন্নি-বশিত হইল।

১৬। এই বিজ্ঞপ্তিতে অনিচ্ছাকৃত কোন ভুলত্রূটি পরিলক্ষিত হইলে তাহা সংশোধন,সংযোজন বা পরিবর্তণ অথবা বাতিল করিবার পূর্ণ ক্ষমতা বোর্ড কর্তৃপক্ষের থাকিবে । সে কারণে বৃত্তির টাকা প্রদানের পূর্বে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ বৃত্তি প্রাপ্ত ছাত্র/ছাত্রীদের নিকট হই-ত এই ম-র্ম লিখিত প্রতিশ্রুতি গ্রহণ করিবেন যে, তাহারা বোর্ডের বৃত্তি সংক্রান্ত নিয়ম ও নীতিমালা মানিয়া চলিবে এবং প্রয়োজন হইলে বৃত্তির সম্পূর্ণ টাকা ফেরৎ দিতে বাধ্য থাকিবে ।

১৭। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর - এর আমেবৃ প্র/১০১/২০০১/৪৮(১৬) পত্র অনুযায়ী কোন বৃত্তিপ্রাপ্ত ছাত্র/ছাত্রী কোর্স বদল করিয়া পুনরায় ১ম বর্ষে ভর্তি হইলে বোর্ড কর্তৃপক্ষ বিশেষ বিবেচনায় তাহাকে বৃত্তি ভোগের অনুমতি দিতে পারিবেন, যদি এইরূপ কোর্স পরিবর্ত-নর ফ-ল তাহার এক শিক্ষা ব-র্ষর অধিককাল নষ্ট না হয়।

১৮। মহাপরিচালক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা-এর ১৭/০৯/২০০৬ তারি-খর আ-মবপ্র/১০০১/২০০১/১০১/(১২) নং স্মারক পত্রের ৪ নং সিদ্ধান্ত অনুযায়ী এইচ.এস.সি - তে বাংলা ও ইংরেজীর প্রাপ্ত নম্বরের ভিত্তিতে তালিকা তৈরীর পরেও যদি একই মান হয় তাহলে পরবর্তী বাধ্যতামূলক ০৩ (তিন) বিষয়ের প্রাপ্ত নম্বরের উপর ভিত্তি করে বৃত্তি বন্টন করতে হবে। বিশেষভাবে উল্লেখ্য যে, উপরোক্ত সিদ্ধান্তের আলোকে ও নির্ধারিত কোটা অনুযায়ী বৃত্তি বন্টন করা হয়েছে। একই জিপিএ (৪র্থ বিষয় বাদে) প্রাপ্ত ছাত্র/ছাত্রী সংখ্যা একাধিক হলেও কোটা নির্ধারিত ও স্বল্পতার কারনে অনেক ছাত্র/ছাত্রীর নাম বৃত্তির তালিকায় অন্তর্ভূক্ত করা সম্ভব হয়নি।

“পরিশিষ্ট” ‘ক’

বোর্ড ভিত্তিক মেধাবৃত্তি ও সাধারণবৃত্তি প্রাপ্ত ছাত্রছাত্রী-দর সর্বনিম্ন GPA“ছক”

বৃত্তির রকম (স্তর)	বিজ্ঞান শাখা		মানবিক শাখা		ব্যবসায় শিক্ষা শাখা	
	ছাত্র	ছাত্রী	ছাত্র	ছাত্রী	ছাত্র	ছাত্রী
মেধাবৃত্তি	৫.০০	৫.০০	৫.০০	৫.০০	৫.০০	৫.০০
সাধারণ বৃত্তি	৫.০০	৪.৮০	৪.৫০	৪.৮০	৪.৮০	৪.৮০

“পরিশিষ্ট” - ‘খ’

মেধাবৃত্তি এবং সাধারণ বৃত্তির “মাসিক হার, এককালীন অনুদান এবং বৃত্তির সময়সীমা”

“মেধাবৃত্তি”

কো-র্সর নাম	মাসিক হার	এককালীন অনুদান	মেয়াদ/সময়সীমা
		প্রতিবছর	
১	২	৩	৪
মেডি-কল কো-র্স অধ্যয়নরত	৫৫০/=	১,২০০/=	৫(পাঁচ) বৎসর
কারিগরী ও কৃষি কো-র্স অধ্যায়নরত	৫৫০/=	১,২০০/=	৪(চার) বৎসর
আইন ও বি.বি.এ সম্মান কো-র্স অধ্যয়নরত	৫৫০/=	১,২০০/=	৪(চার) বৎসর
ডিগ্রী সম্মান কো-র্স অধ্যয়নরত	৫৫০/=	১,২০০/=	৪(চার) বৎসর
ডিগ্রী পাশ কো-র্স অধ্যয়নরত	৫৫০/=	১,২০০/=	৩(তিন) বৎসর

‘‘সাধারণ বৃত্তি’’

কো-র্সর নাম	মাসিক হার	এককালীন অনুদান প্রতিবছর	মেয়াদ/সময়সীমা
১	২	৩	৫
মেডি-কল কো-র্স অধ্যায়নরত	২৫০/=	৫০০/=	৫ (পাঁচ) বৎসর
কারিগরী ও কৃষি কো-র্স অধ্যায়নরত	২৫০/=	৫০০/=	৪ (চার) বৎসর
আইন ও বি.বি.এ সম্মান কো-র্স অধ্যায়নরত	২৫০/=	৫০০/=	৪ (চার) বৎসর
ডিগ্রী সম্মান কো-র্স অধ্যায়নরত	২৫০/=	৫০০/=	৪ (চার) বৎসর
ডিগ্রী পাশ কো-র্স অধ্যায়নরত	২৫০/=	৫০০/=	৩ (তিন) বৎসর

স্বাক্ষরিত
(মোঃ আবদুল মোতা-লব হাওলাদার-৭০১৮)
সচিব
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল
ফোনঃ ০৪৩১-৬৪৪১৭

স্মারক নং - বশিবো/প্রশা/বৃত্তি/১২/২০১৪/৪৪৯(২০০)　　　　তারিখ ঃ ১২/২/২০১৪

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল ঃ

১. মাননীয় সচিব, শিক্ষা মন্ত্রনালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৩. মহাপরিচালক, বার্তা বিভাগ, বাংলাদেশ জনসংযোগ দপ্তর, ঢাকা
৪. রেজিস্ট্রার, বাংলাদেশের অনুমোদিত সকল বিশ্ববিদ্যালয়।
৫. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
৬. সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/কুমিলা/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/দিনাজপুর
৭. বাংলাদেশের সকল ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস
৮. বাংলাদেশের সকল কলেজের অধ্যক্ষ/অধ্যাক্ষা।
৯. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বরিশাল অঞ্চল, বরিশাল
১০. অত্র বোর্ডের আওতাধীন সকল উপজেলা নির্বাহী অফিসার
১১. বাংলাদেশের সকল জেলা হিসাবরক্ষণ অফিসার/উপজেলা হিসাবরক্ষণ অফিসার
১২. বাংলাদেশের সকল উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
১৩. বরিশাল শিক্ষা বোর্ডের সকল অফিসারবৃন্দ
১৪. জন সংযোগ বিভাগের পরিচালক (বার্তা ভিবাগ), বাংলাদেশ জনসংযোগ দপ্তর, ঢাকা (বৃত্তির তালিকা দৈনিক পত্রিকার মাধ্যমে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)
১৫. উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা

বৃত্তি তালিকাটি বাংলাদেশ গেজেটে প্রকাশ করে উক্ত গেজেটের দুটি কপি প্রমাণ ও সূত্র সংরক্ষণের জন্য শিক্ষা বোর্ডে পাঠাতে অনুরোধ করা হল।

(মোঃ আবদুল মোতা-লব হাওলাদার-৭০১৮)
সচিব
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল
ফোন : ০৪৩১-৬৪৪১৭